



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগতিপাড়া, নাটোর

<http://bagatipara.natore.gov.bd>

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.১২.০৪৮.২০. ৪২৬

তারিখঃ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৭ মে ২০২০

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা বাগতিপাড়া উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান, ঈদ-উল-ফিতর এবং জীবন ও জীবিকার সম্বন্ধের জন্য দোকানপাট/শপিংমল, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব নিশ্চিত করে সরকার কর্তৃক প্রদত্ত শর্তসমূহ পালন সাপেক্ষে খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু মার্কেট ও শপিংমলসমূহে মানুষের উপচেপড়া ভীড়, স্বাস্থ্যবিধি মেনে চলতে অসচেতনতা এবং আগত ক্রেতা/বিক্রেতাগণ কর্তৃক সরকার প্রদত্ত শর্তমেনে চলার বিষয়ে সম্পূর্ণ অবহেলা পরিলক্ষিত হয়। ফলে এ উপজেলায় করোনা ভাইরাস সংক্রমণের হার মারাত্মক আকার ধারণ করতে পারে।

এমতাবস্থায় জনসাধারণ তথা বাগতিপাড়া বাসীর সার্বিক স্বাস্থ্য সুরক্ষা, করোনা ভাইরাস প্রতিরোধ এবং মৃত্যুর ঝুঁকির বিষয় বিবেচনা করে "করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপজেলা কমিটির" সুপারিশ অনুযায়ী পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাগতিপাড়া উপজেলার সকল ব্যবসা প্রতিষ্ঠান, দোকানপাট ও শপিংমলসমূহ বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া অত্র উপজেলা হতে কোন যানবাহন বাহিরে এবং বাহির হতে কোন যানবাহন অত্র উপজেলায় প্রবেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হলো। এ আদেশ অদ্য ১৯/০৫/২০২০ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

- ০২। তবে চিকিৎসা সংশ্লিষ্ট জরুরী সেবা সার্বক্ষণিক খোলা থাকবে। এছাড়াও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দোকান, কাঁচা বাজার, কৃষিপণ্য, সার, কীটনাশকসহ সরঞ্জামাদির দোকান, ও অন্যান্য সরকার ঘোষিত পরিষেবাসমূহ পূর্বে জারীকৃত নির্দেশনা অনুযায়ী খোলা থাকবে।
- ০৩। ডাক্তার, স্বাস্থ্যকর্মীসহ জনস্বার্থে ব্যবহৃত যানবাহন ও পণ্য পরিবহন কাজে নিয়োজিত যানবাহন চলাচল এ আদেশের আওতামুক্ত থাকবে।
- ০৪। ০৩ নং ক্রমিকে উল্লিখিত বিষয় ও স্বাস্থ্য/চিকিৎসাজনিত বিষয় ছাড়া অন্তঃ উপজেলা ও জেলা ভ্রমণে নিষেধাজ্ঞার সরকারি নির্দেশনা মেনে চলতে হবে।
- ০৫। সকল জনসাধারণ ও ক্রেতা-বিক্রেতা/ব্যবসা প্রতিষ্ঠানকে উপর্যুক্ত নির্দেশনা মেনে চলার জন্য বলা হলো। অন্যথায় এ আদেশ ভঙ্গকারী সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(প্রিয়ান্বিতা দেবী পাল)

উপজেলা নির্বাহী অফিসার  
বাগতিপাড়া, নাটোর

ও  
সভাপতি

করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপজেলা কমিটি  
ফোন নং- ০৭৭২২-৭২০০১।

ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

তারিখঃ জ্যৈষ্ঠ ১৪২৭  
১৭ মে ২০২০

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.১২.০৪৮.২০.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগতিপাড়া)।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, নাটোর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগতিপাড়া, নাটোর।
- ০৫। মেয়র, বাগতিপাড়া পৌরসভা, বাগতিপাড়া, নাটোর।
- ০৬। অফিসার ইনচার্জ, বাগতিপাড়া মডেল থানা, নাটোর।
- ০৭। চেয়ারম্যান সকল ইউপি, বাগতিপাড়া, নাটোর।
- ০৮। ..... সদস্য, করোনা ভাইরাস ও নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপজেলা কমিটি, বাগতিপাড়া, নাটোর।
- ০৯। সহকারী প্রোগ্রামার, বাগতিপাড়া, নাটোর। (তাকে গণবিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১০। সভাপতি/সেক্রেটারী, উপজেলা প্রেসক্লাব, বাগতিপাড়া, নাটোর।
- ১১। সভাপতি/সেক্রেটারী বাজার কমিটি (সকল), বাগতিপাড়া, নাটোর।
- ১২। অফিস কপি।